



জুলাই গণহত্যার বিচার নিশ্চিত সরকার অঙ্গীকারবদ্ধ: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

জুলাই গণহত্যার ঘটনায় জড়িতদের বিচারে সরকার দৃঢ় অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী।

বুধবার (২৪ জুন) নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, সাম্প্রতিক সময়ে বিভিন্ন মাধ্যমে দেশ সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচার ছড়ানোর চেষ্টা দেখা যাচ্ছে, যা বাংলাদেশের ইতিহাস ও সামাজিক বাস্তবতার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

তিনি বলেন, বাংলাদেশ দীর্ঘদিন ধরে সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ হিসেবে পরিচিত। এ ঐতিহ্য রক্ষায় সরকার ও জনগণ উভয়ই সচেতন রয়েছে।

চীনের সঙ্গে বাংলাদেশের দীর্ঘদিনের সম্পর্কের কথা উল্লেখ করে রিজভী বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় এ সম্পর্কের ভিত্তি তৈরি হয় এবং বেগম খালেদা জিয়ার আমলে তা আরও সম্প্রসারিত হয়।

তিনি জানান, প্রধানমন্ত্রী তারেক রহমান বর্তমানে সফরসঙ্গীদের নিয়ে চীন সফরে রয়েছেন। এ সফরের মাধ্যমে দুই দেশের সহযোগিতা ও সম্পর্কের নতুন ক্ষেত্র উন্মোচিত হবে বলে আশা প্রকাশ করেন তিনি।